



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা -১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.১৮.৪৮৫.১২.৩৩

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

বিষয়: খুলনা জেলার পাইকগাছা উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে তথ্য প্রেরণ।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাইকগাছা, খুলনা'র স্মারক নং-১০৩৬; তারিখ: ১২ ডিসেম্বর ২০২২।

পর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে খুলনা জেলার পাইকগাছা উপজেলা পরিষদ কমপ্লেক্সের বাউন্ডারি ওয়াল ও এস এস গেইট নির্মাণ; লিনটেল ও প্লাস্টারসহ সম্পূর্ণ বাউন্ডারি ওয়াল, মেইন গেট ও শহীদ মিনার পার্শ্বে বাউন্ডারি ওয়াল, নতুন ও পুরাতন গ্রিলে রংকরণ এবং চেয়ারম্যান কায়াটারের সামনে নতুন গ্রিল নির্মাণসহ ০২ (দুই)টি এস এস গেইট নির্মাণ; এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বর্ধিত সীমানা প্রাচীর ও পুকুর সংলগ্ন সীমানা প্রাচীরে গাইড নির্মাণ লক্ষ্যে মোট ৭৩,২৮,০৭৬ (তেহাত্তর লক্ষ আটাশ হাজার ছিয়াত্তর) টাকার প্রকল্পগুলো বিবেচনার লক্ষ্যে নৈমিত্তিক তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) বাউন্ডারি ওয়াল নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্স সামনে/পেছনে/পার্শ্বে উল্লেখ (পরিমাপসহ);
- (খ) বাউন্ডারি ওয়াল নির্মাণের লক্ষ্যে এলজিইডি'র নির্ধারিত ডিজাইন অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত;
- (গ) সংশ্লিষ্ট জেলা নির্বাহী প্রকৌশলী কর্তৃক কারিগরি প্রতিবেদনের মূলকপি;
- (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বর্ধিত সীমানা প্রাচীর ও গাইড ওয়াল নির্মাণের পরিমাণ;
- (ঙ) সীমানা প্রাচীরের উপরে কোন জায়গাতে গ্রিল নির্মাণ করা হবে;
- (চ) ০৩ (তিন) টি এস এস গেইটের প্রয়োজনীয়তা; এবং
- (ছ) প্রকল্পগুলো স্পষ্টকরণের লক্ষ্যে পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুতকরণ।

২২-১-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব

উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা।

ফোন: ০২২২৩৩৮২২৪৭

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.১৮.৪৮৫.১২.৩৩/১(৫)

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, খুলনা।
- ২) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।



২২-১-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব